

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২১১

কৈলাসহর, ২৫ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪ : ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্র
উনকোটি জেলায় ২২৫টি ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে

২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রে উনকোটি জেলায় ৪টি বিধানসভা কেন্দ্র রয়েছে। এই ৪টি বিধানসভা কেন্দ্রে মোট ভোটার রয়েছেন ১,৯৪,৫৬০ জন। এর মধ্যে পুরুষ ভোটার ৯৭,৪৯৯ জন, মহিলা ভোটার ৯৭,০৫৯ জন ও তৃতীয় লিঙ্গের ভোটার ২ জন। জেলায় মোট ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে ২২৫টি। আগামীকাল ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের ভোটগ্রহণ করা হবে। জেলায় ৪টি বিধানসভা ক্ষেত্রের ভোট সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হয়েছে। আজ কৈলাসহর সার্কিট হাউসের কনফারেন্স হলে এক সাংবাদিক সম্মেলনে জেলা নির্বাচন আধিকারিক তথা উনকোটি জেলার জেলাশাসক ডি কে চাকমা একথা জানান।

সাংবাদিক সম্মেলনে জেলা নির্বাচন আধিকারিক জানান, ২২৫টি ভোটগ্রহণ কেন্দ্রের মধ্যে ৮টি ভোটগ্রহণ কেন্দ্র মহিলাদের দ্বারা পরিচালিত হবে। দিব্যাঙ্গজন দ্বারা পরিচালিত হবে ৪টি ভোটগ্রহণ কেন্দ্র। মডেল ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে ৮টি। সাংবাদিক সম্মেলনে তিনি আরও জানান যে, উনকোটি জেলায় পোস্টাল ব্যালটে ভোটগ্রহণ পর্ব সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে।

সাংবাদিক সম্মেলনে তিনি আরও জানান জেলার ৪টি বিধানসভা ক্ষেত্র তথা ৫০-পাবিয়াছড়া (এসসি), ৫১-ফটিকরায় (এসসি), ৫২-চন্ডীপুর ও ৫৩-কৈলাসহরের জন্য স্ট্রং রুম কৈলাসহরের রাধাকিশোর ইনস্টিটিউটে করা হয়েছে। সাংবাদিক সম্মেলনে জেলা নির্বাচন আধিকারিক ডি কে চাকমা জানিয়েছেন, উনকোটি জেলায় ১৭২টি স্থানে ২২৫টি ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে। প্রত্যেক স্থানের জন্য ১ জন করে মাইক্রো অবজারভার নিযুক্ত করা হয়েছে।
